গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর

এবং

অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর-এর

মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র

জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: জেলা / সার্কেল অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৭

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ........ ৯

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ........ ১৭

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ........ ১৯

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ........ ২০

# জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the District/Circle Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

বাংলাদেশে কৃষির একটা সমৃদ্ধ জানালা হলো মেহেরপুর। আয়তনের বিবেচনায় ইতিহাস, ঐতিহ্য,কৃষি,সংস্কৃতি প্রভৃতি কারনে মেহেরপুরের অর্জন অনেক। সেই নিরিখে বলা যায়, ক্ষুদ্র মেহেরপুরে বিশাল সমৃদ্ধি। শস্যের বহুমুখীকরণ বৈচিত্রময় কৃষিতে ভরপুর মেহেরপুর খাদ্য উদ্বৃত্ত জেলা হিসেবে পরিণত হয়েছে। শীত, গ্রীষ্ম, বর্ষা তথা সর্বসময় মেহেরপুরে মাঠঘাট সবুজের সমারোহে মুখর থাকে। মেহেরপুরের কৃষির বিশেষত্ব হলো এখানকার সুখসাগর পেঁয়াজ, মেহেরচন্ডি কচু, মেহেরসাগর কলা, হিমসাগর আম প্রভৃতি। মেহেরপুরের শতভাগ জমি সেচের আওতাভূক্ত এবং ব্যাপকভাবে আধুনিক যান্ত্রিক কৃষির ব্যবহার হচ্ছে। মেহেরপুর জেলায় নিট ফসলি জমি ৫৮৫০৭ হেক্টর এবং ফসলের নিবিড়তা ২৬৮%। উক্ত ফসলী জমি আধুনিক ও যুগোপযোগী প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে মানুষের খাদ্যের মৌলিক চাহিদা পূরনে প্রচেষ্টা অব্যাহত আছে। ২০২০-২০২১ ও ২০২১-২০২২ এবং ২০২২-২০২৩ অর্থবছরে মোট ৮৪৪২২০ মেঃ টন খাদ্য শস্য (চাল ও গম)উৎপাদন হয়েছে। ২০২২-২০২৩ সালে মেহেরপুর জেলা হতে নিরাপদ সবজি বিদেশে রপ্তানি করা হয়েছে ২২৩৫ মে.টন এবং নিরাপদ আম রপ্তানী করা হয়েছে ৩০ মে.টন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

প্রতি ইঞ্চি জমির ব্যবহার নিশ্চিতকল্পে ও ক্রমহ্রাসমান জমি থেকে ক্রমবর্ধমান জনগোষ্ঠির বিশাল খাদ্য ও পুষ্টি চাহিদা পূরণার্থে টেকসই ও নিরাপদ ফসল উৎপাদন নিশ্চিতকরণ, জলবায়ুগত পরিবর্তন জনিত ঝুঁকি মোকাবেলা ও দূর্যোগপূর্ণ এলাকায় চাহিদা ভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ, জমির স্বাস্থ্যও উর্বরতা শক্তি রক্ষার মাধ্যমে জমির উৎপাদনশীলতা বৃদ্ধি, ক্রপজোনিং, সেচ কার্যে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহার, সুষম মাত্রায় ও দক্ষভাবে সারসহ অন্যান্য উপকরণ ব্যবহার নিশ্চিতকরণ, খামার যান্ত্রিকীকরণ, দ্রূত ও সহজে প্রযুক্তি সম্প্রসারণে ই-কৃষি প্রবর্তন, গবেষণা-সম্প্রসারণ-কৃষক সমন্বয় সাধন শক্তিশালীকরণ, সরকারি ও বেসরকারি অংশীদারিত্ব শক্তিশালীকরণ, কৃষিতে নারীর সম্পৃক্তায়ন এবং দক্ষতা বৃদ্ধিকরণ, সম্প্রসারণ কর্মীর দক্ষতা উন্নয়ন এবং কৃষক/ কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

উন্নয়নের মূল স্রোতধারা থেকে কাউকে পিছিয়ে রাখা যাবে না। এই ধারণাকে সামনে রেখে টেকসই উন্নয়ন অভীষ্ট অর্জনের লক্ষ্যে দেশের ক্রমবর্ধমান জনগোষ্টিকে ক্ষুধা ও দারিদ্রমুক্তকরণে কৃষিকে আধুনিকরন ও বাণিজ্যিকীকরন করতে হবে। দানাদার ফসল নিশ্চিতকরণের পাশাপাশি সকলের জন্য সারা বছর নিরাপদ, পুষ্টিসম্পন্ন ও পর্যাপ্ত খাদ্য নিশ্চিতকরণে চেষ্টা চলছে।মাটির স্বাস্থ্য সুরক্ষা ও সার ব্যবস্থাপনা পরিবেশ বান্ধব প্রযুক্তি সম্প্রসারণ, জলবায়ুগত কারণে দুর্যোগপ্রবণ এলাকার উপযোগী কৃষি প্রযুক্তি সম্প্রসারণ, সেচ কার্যে পানি সাশ্রয়ী প্রযুক্তি যেমন এডব্লিউডি, ফিতা পাইপ, ভ'-গর্ভস্থ সেচ পাইপ এবং ভূ-উপরিস্থ ও বৃষ্টির পানির দক্ষ ব্যবহার, মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, রফতানীযোগ্য ফল, সবজী চাষ এলাকা সম্প্রসারণ, কৃষি বাণিজ্যিকীকরনে উদ্যোক্তা তৈরি, বসতবাড়ির আঙ্গিনার কার্যকর ব্যবহার ও ছাদ বাগান স্থাপনে উৎসাহ প্রদান, শস্য বিন্যাসে ডাল, তেল, মসলা ও সবজীজাতীয় ফসল অর্ন্তভূক্ত করে ফসলের নিবিড়তা বৃদ্ধি, "বাংলা গ্যাপ" সুচনা এবং বাস্তবায়নের মাধ্যমে নিরাপদ খাদ্য উৎপাদন, সম্প্রসারণ কর্মীর প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা উন্নয়ন, কৃষক/ কৃষাণীদের প্রযুক্তিগত জ্ঞান বৃদ্ধিকরণ, দ্রত প্রযুক্তি বিস্তারে ই-কৃষি প্রবর্তন, খামার যান্ত্রিকীকরণে সমলয়ে চাষাবাদ বৃদ্ধি, শুদ্ধাচার কৌশল প্রণয়ন ও বাস্তবায়নের মাধ্যমে আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ডিএই এর কার্যক্রম মনিটরিং ও জোরদারকরণের মাধ্যমে খাদ্য শস্য (চাল ও গম) ২৮০৬৭৪ মেঃ টন উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে। আধুনিক জাত, প্রযুক্তি সম্প্রসারণ ও কৃষক/ কৃষানী প্রশিক্ষণ প্রদান।
- নিরাপদ ফল, সবজি উৎপাদন ও বাজারজাতকরণ। ৪ জন নারীসহ ১৩ জন উদ্যোক্তা তৈরি। টেকসই যান্ত্রিকীকরণ নিশ্চিতকরণ ও সেচ দক্ষতা বৃদ্ধি। জৈব ও রাসায়নিক সারের সুষম ব্যবহার নিশ্চিতকরণ।
- অনাবাদি পতিত জমি ও বসতভিটায় পুষ্টি বাগান স্থাপন।বিভিন্ন দপ্তর, সংস্থা ও স্টেকহোল্ডারগণের সাথে সমন্বয় সাধন।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর

এবং

অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর-এর মধ্যে ২০২৩ সালের ...জুন........ মাসের ...১৩........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১
## জেলা / সার্কেল অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

ফসলের টেকসই ও নিরাপদ উৎপাদন এবং উৎপাদনশীলতা বৃদ্ধি।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সকল শ্রেনী পেশার কৃষকদের চাহিদাভিত্তিক দক্ষ, ফলপ্রসূ ও কার্যকর সম্প্রসারণ সেবা প্রদান এবং তাদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির মাধ্যমে ফসলের টেকসই ও নিরাপদ উৎপাদন এবং উৎপাদনশীলতা নিশ্চিতকরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ জেলা / সার্কেল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি
২. কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন
৩. কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি করণ
৪. কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং কৃষিভিত্তিক কারিগরি শিক্ষা বাস্তবায়ন

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. কৃষকের মাঝে উন্নত কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কার্যক্রম গ্রহন (কৃষক প্রশিক্ষণ, প্রদর্শণী, মাঠ প্রদর্শণী, চাষী র‍্যালী, উদ্বুদ্ধকরণ ভ্রমণ, কৃষি প্রযুক্তি মেলা, কর্মশালা, সেমিনার ইত্যাদি)।
২. সম্প্রসারণ কর্মী ও কৃষকদের প্রযুক্তিগত জ্ঞান ও দক্ষতা বৃদ্ধিকরণ।
৩. সার ও সারজাতীয় দ্রব্যের সরবরাহ ও বাজারজাতকরণ নিবন্ধন প্রদান ও নিবন্ধন নবায়ন।
৪. কৃষি গবেষণা প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন ও উদ্ভাবিত প্রযুক্তি মাঠ পর্যায়ে সম্প্রসারণ।
৫. কৃষি উপকরণ (সার ও বালাইনাশক) সরবরাহ নিশ্চিতকরণের লক্ষ্যে বিসিআইসি অনুমোদিত সার ডিলার নিয়োগে সহায়তা প্রদান, খুচরা সার বিক্রেতা ও বালাইনাশক ডিলার নিয়োগ প্রদান।
৬. মাটির স্বাস্থ্য সুরক্ষায় জৈব ও সুষম সার উৎপাদন ও ব্যবহার বৃদ্ধিকরণ।
৭. পানি ব্যবস্থাপনার মাধ্যমে ফসল উৎপাদন, এবং সেচ দক্ষতা বৃদ্ধি করা সহ সেচ কার্যে ভূ-উপরিস্থ পানির দক্ষ ব্যবহারে কৃষকদের উৎসাহিতকরণ।
৮. কৃষক পর্যায়ে মানসম্পন্ন বীজ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ এবং বাজারজাতকরণে সহযোগিতা প্রদান।
৯. সেচ এলাকা বৃদ্ধি এবং পানি সাশ্রয়ী প্রযুক্তি ব্যবহারে কৃষকদেরকে উৎসাহিতকরণ।
১০. সুষম মাত্রায় সার ও অন্যান্য কৃষি উপকরণের দক্ষ ব্যবহারে কৃষকদেরকে উৎসাহিতকরণ/ পরামর্শ প্রদান।
১১. দূর্যোগ প্রবণ এলাকায় ঘাত সহিষ্ণু জাত ও চাহিদাভিত্তিক প্রযুক্তি সম্প্রসারণ।
১২. প্রাকৃতিক দুর্যোগে ফসলের ক্ষয়ক্ষতি পুষিয়ে নেয়ার লক্ষ্যে কৃষি পুনর্বাসন এবং উৎপাদানে উৎসাহিত করার লক্ষ্যে প্রনোদনা সহায়তা প্রদান।
১৩. শস্য বিন্যাসে ডাল, তেল ও সবজী জাতীয় ফসল অর্ন্তভূক্তির মাধ্যমে ফসলের বহুমুখীতা ও নিবিড়তা বৃদ্ধিকরণ।
১৪. আউশ, আমন ও বোরো ধান ক্ষেতে ১০০% পার্চিং নিশ্চিকরণ।
১৫. কৃষি ঋণ প্রাপ্তিতে কৃষককে সহায়তা প্রদান।
১৬. কৃষি সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন।
১৭. জাতীয় বীজ বোর্ডের অনুমোদনের নিমিত্ত নতুন বীজের মাঠ মুল্যায়নে বীজ প্রত্যয়ন এজেন্সীকে সহায়তা প্রদান।

১৮. বিভিন্ন ফসলের বীজ উৎপাদনের নিমিত্ত লক্ষ্যমাত্রা নির্ধারনে এবং উৎপাদিত বীজ বিতরণে বিএডিসিকে সহায়তা প্রদান।
১৯. খাদ্যশস্য সংগ্রহের নিমিত্ত মুল্য নির্ধারণে বিভিন্ন ফসলের উৎপাদন খরচ নিরুপণ করে মন্ত্রণালয়কে সহায়তা প্রদান।
২০. কৃষিজাত পণ্য, খাদ্য পণ্য, নার্সারি ব্যবস্থা, বীজ উৎপাদন ও প্রক্রিয়াজাতকরণে নারী উদ্যোক্তা তৈরী।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| ২০৩০ সালের মধ্যে প্রধান প্রধান ফসলের পর্যাপ্ততা নিশ্চিতকরণ | উৎপাদিত চাল (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.১, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ২.২৭৭৮ | ২.৩০৮৪৮ | ২.৩০৯৮২ | ২.৩১২৬ | ২.৩১৪২ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| | উৎপাদিত গম (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ০.৪৮২৫ | ০.৪৯৬৯২ | ০.৪৯৯৮৫ | ০.৫০১৪৫ | ০.৫০২৭৫ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরাাই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| | উৎপাদিত ভূট্টা (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ১.৬৫৯৬ | ২.১৭৬ | ২.১৭৮৮ | ২.১৭৯৯ | ২.১৮৩৫ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরাাই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| | উৎপাদিত আলু (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ০.২৯৪৫ | ০.২০০১৬ | ০.২১০২৭ | ০.২১৮৭৭ | ০.২২৪৭৫ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| | উৎপাদিত ফল (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ১.১৭৫৩৬ | ১.১৭৭৪২ | ১.১৭৮২২ | ১.১৭৮৮২ | ১.১৭৯৮৮ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| | উৎপাদিত সব্জি (কর্মসম্পাদন সূচক- ১.১.১, ১.১.২, ১.১.৩, ১.১.৪, ১.২.২, ১.৩.১, ১.৩.২) | লক্ষ মে.টন | ২.৯২৬১ | ২.৩২৪৭ | ২.৪২৮২ | ২.৪৮৮২৫ | ২.৫২৭৭২ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| কৃষির আধুনিকায়ন খোরপোশ কৃষি হতে বানিজ্যিক কৃষিতে উত্তরণ | খামার যান্ত্রিকীকরণের মাধ্যমে কর্তনকৃত ধানের জমির পরিমান (কর্মসম্পাদন সূচক- ২.৩.১) | হেক্টর | ৮০০ | ১৯০০ | ২১৫০ | ২৫০০ | ৩০০০ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |
| মানসম্মত সম্প্রসারণ সেবা নিশ্চিতকরণ | প্রশিক্ষন প্রাপ্ত জনবলের সংখ্যা (কর্মসম্পাদন সূচক-৩.১.২) | সংখ্যা | ৬৮ | ৬২ | ৫৮ | ৬২ | ৬২ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন নিশ্চিতকরণ | ব্যবহৃত কম্পোষ্টের পরিমান (কর্মসম্পাদন সূচক-৪.১.১, ৪.১.২) | লক্ষ মে.টন | ২.৪৫ | ২.৫ | ২.৫৫ | ২.৬ | ২.৬৫ | বিদ্যুত বিভাগ, বারি, ব্রি, বিনা, বিএডিসি, এসআরডিআই, এসসিএ, বিএইউ, এআইএস, ডিএএম, বিডব্লিউএমআরআই | বিবিএস, ডিএই এর বার্ষিক প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] ফসলের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি | ২৪ | [১.১] [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শণী | সমষ্টি | % | ৪ | ২২৯৬ | ২৩৪০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.২] আয়োজিত মাঠদিবস/ কৃষক সমাবেশ | সমষ্টি | % | ২ | ২৯০ | ২৯০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.১.৩] আয়োজিত জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | সমষ্টি | সংখ্যা | ২ | ৩ | ৩ | ৩ | ২ | ১ | ০ | ০ | ৩ | ৩ |
| | | | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমণ | সমষ্টি | % | ২ | ৭ | ৬ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.২] [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রণোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রণোদনার আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শণী স্থাপনকৃত | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ২ | ২ | ১ | ০ | ০ | ০ | ২ | ২ |
| | | | [১.২.২] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক সংখ্যা | সমষ্টি | সংখ্যা (লক্ষ) | ৩ | .১৫ | .৫২৯২ | .৫২৯৫ | .৪৭৬৫৫ | .৪২৩৬ | .৩৭০৬৫ | .৩১৭৭ | .৫৩২৫ | .৫৩২৮ |
| | | [১.৩] [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | সমষ্টি | % | ৫ | ৪৭৩০ | ৪৪৫০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ৫৬ | ৫৬ | ৫০ | ৪৫ | ৩৯ | ৪০ | ৫৬ | ৫৬ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্ম ব্যবস্থাপনায় পেশাদারিত্বের উন্নয়ন | ২৩ | [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | সমষ্টি | % | ২ | ৬৮ | ৬২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [২.১.২] শ্রেষ্ঠ নারী মাঠকর্মীর মনোনয়ন প্রদান | সমষ্টি | সংখ্যা | ৩ | ১ | ০ | ১ | ০ | ০ | ০ | ০ | ১ | ১ |
| | | [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯২৯ | ৯৮০ | ৯৮০ | ৮৮২ | ৭৮৪ | ৬৮৬ | ৫৮৮ | ৯৮০ | ১০০০ |
| | | | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৪ | ৬৪ | ৭০ | ৭০ | ৬৩ | ৫৬ | ৪৯ | ৪২ | ৭০ | ৭২ |
| | | | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | সমষ্টি | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [২.৩] শুন্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ | [২.৩.১] শুন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [২.৪] জমি জমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহণ | [২.৪.১] জমি জমা সংক্রান্ত / মামলা সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | ১২ | ১২ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| | | [২.৫] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | সমষ্টি | সংখ্যা | ২ | ০ | ০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৩] কৃষি উপকরণের সহজলভ্যতা ও সরবরাহ বৃদ্ধি করণ | ১৪ | [৩.১] মান সম্পন্ন সার/ বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিষ্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | সমষ্টি | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [৩.১.২] পরিদর্শণকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৫৯৫ | ৬৬০ | ৬৬০ | ৫৯৪ | ৫২৮ | ৪৬২ | ৩৯৬ | ৭০০ | ৭২০ |
| | | [৩.২] উদ্যান তাত্তিক ফসলের মান সম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিষ্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | সমষ্টি | % | ৩ | ০ | ০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | সমষ্টি | সংখ্যা | ৩ | ০ | ০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫২ | ৫৫ |
| | | [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | সমষ্টি | % | ২ | ৬২ | ৬৩ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [৪] কৃষি ভূ-সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ এবং কৃষিভিত্তিক কারিগরি শিক্ষা বাস্তবায়ন | ৯ | [৪.১] [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈব সার/ জীবানু সার/ সবুজ সার ও ভার্মি কম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | ১০ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১০ | ১২ |
| | | | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মি কম্পোষ্ট/ ট্রাইকো কম্পোষ্ট/ সবুজ সার | সমষ্টি | মে টন | ৩ | ২৪৫০ | ২৫০০ | ২৫৫০ | ২২৯৫ | ২০৪০ | ১৭৮৫ | ১৫৩০ | ২৬০০ | ২৬৫০ |
| | | [৪.২] [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রো প্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্য পণ্য/ কৃষিজাত পণ্য/ নার্সারি ব্যবসা/ বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/ উদ্যোক্তা | সমষ্টি | সংখ্যা | ৩ | ৮ | ৬ | ৪ | ৩ | ২ | ১ | ০ | ৪ | ৫ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর, অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, অতিরিক্ত পরিচালক, অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর হিসাবে উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, মেহেরপুর-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:



১৩-০৬-২০২৩ খ্রি.

উপপরিচালক
উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ
অধিদপ্তর, মেহেরপুর

তারিখ



১৩-০৬-২০২৩ খ্রি.

অতিরিক্ত পরিচালক
অতিরিক্ত পরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ
অধিদপ্তর, যশোর

তারিখ

# সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এআইএস | এগ্রিকালচারাল ইনফরমেশন সার্ভিস |
| ২ | এটিআই | এগ্রিকালচার ট্রেনিং ইনস্টিটিউট |
| ৩ | এনএআরএস | ন্যাশনাল এগ্রিকালচারাল রিসার্স সিস্টেম |
| ৪ | এসআরডিআই | সয়েল রিসোর্স ডেভেলপমেন্ট ইনস্টিটিউট |
| ৫ | এসসিএ | সীড সার্টিফিকেশন এজেন্সী |
| ৬ | ডিএই | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল এক্সটেনশন |
| ৭ | ডিএএম | ডিপার্টমেন্ট অব এগ্রিকালচারাল মার্কেটিং |
| ৮ | নাটা | ন্যাশনাল এগ্রিকালচার ট্রেনিং একাডেমি |
| ৯ | বিআরআরআই | বাংলাদেশ রাইস রিসার্স ইনস্টিটিউট |
| ১০ | বিএআরসি | বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্স কাউন্সিল |
| ১১ | বিএইউ | বাংলাদেশ এগ্রিকালচারাল ইউনিভার্সিটি |
| ১২ | বিএডিসি | বাংলাদেশ এগ্রিকালচারাল ডেভেলপমেন্ট কর্পোরেশন |
| ১৩ | বিএমডিএ | বরেন্দ্র মাল্টিপারপাস ডেভেলপমেন্ট অথরিটি |
| ১৪ | বিজেআরআই | বাংলাদেশ জুট রিসার্স ইনস্টিটিউট |
| ১৫ | বিডব্লিউএমআরআই | বাংলাদেশ হুইট এন্ড মেইজ রিসার্স ইনস্টিটিউট |
| ১৬ | বিনা | বাংলাদেশ ইনস্টিটিউট অব নিউক্লিয়ায়র এগ্রিকালচার |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] [১.১] উদ্ভাবিত জাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | [১.১.১] স্থাপিত প্রদর্শণী | উপজেলা কৃষি অফিস | কৃষক তালিকা ও এ সংক্রান্ত সামারীশিট |
| | [১.১.২] আয়োজিত মাঠদিবস/ কৃষক সমাবেশ | উপজেলা কৃষি অফিস | নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারীশিট |
| | [১.১.৩] আয়োজিত জেলা কৃষি প্রযুক্তি সম্প্রসারণ কমিটির সভা | | নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারীশিট |
| | [১.১.৪] নতুন প্রযুক্তি সম্প্রসারণের জন্য আয়োজিত উদ্বুদ্ধকরণ ভ্রমণ | উপজেলা কৃষি অফিস | নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারীশিট |
| [১.২] [১.২] কৃষি খাতে প্রদত্ত প্রণোদনার আওতায় কার্যক্রম গ্রহণ | [১.২.১] প্রণোদনার আওতায় সমলয় চাষাবাদের প্রদর্শণী স্থাপনকৃত | উপজেলা কৃষি অফিস | সমলয় প্রদর্শণীর তালিকা ও সামারীশিট |
| | [১.২.২] প্রণোদনার আওতায় সহায়তা প্রাপ্ত কৃষক সংখ্যা | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারীশিট |
| [১.৩] [১.৩] ফসল উৎপাদনে কৃষকের দক্ষতা বৃদ্ধিকরণ | [১.৩.১] প্রশিক্ষিত কৃষক | উপজেলা কৃষি অফিস | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারীশিট |
| | [১.৩.২] ব্লক পরিকল্পনা প্রণয়ন | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারীশিট |
| [২.১] কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | [২.১.১] প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | | প্রশিক্ষণের নোটিশ ও হাজিরা এবং এ সংক্রান্ত সামারীশিট |
| | [২.১.২] শ্রেষ্ঠ নারী মাঠকর্মীর মনোনয়ন প্রদান | | নারী মাঠ কর্মী মনোনয়ন প্রদানের সভার চিঠি ও রেজুলেশণ |
| [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.১] কর্মকর্তাদের পরিদর্শিত মাঠ পর্যায়ের কৃষি সম্প্রসারণ কার্যক্রম | | পরিদর্শণ প্রতিবেদন ও সামারীশিট |
| | [২.২.২] কর্মকর্তাদের পরিদর্শিত উপজেলা অফিসের কার্যক্রম | | পরিদর্শণ প্রতিবেদন ও সামারীশিট |
| [২.২] কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন | [২.২.৩] উর্ধ্বতন অফিসের পরিদর্শন সুপারিশ বাস্তবায়ন | | প্রতিবেদন ও সামারীশিট |
| [২.৩] শুন্য পদ পূরণের উদ্যোগ গ্রহণ | [২.৩.১] শুন্যপদ পূরণের জন্য জনবলের তথ্য উর্ধ্বতন অফিসে প্রেরণ | | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারীশিট |
| [২.৪] জমি জমা সংক্রান্ত মামলা নিস্পত্তির উদ্যোগ গ্রহণ | [২.৪.১] জমি জমা সংক্রান্ত / মামলা সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারীশিট |
| [২.৫] অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [২.৫.১] অডিট আপত্তি সংক্রান্ত প্রতিবেদন উর্ধ্বতন অফিসে প্রেরণ | | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারীশিট |
| [৩.১] মান সম্পন্ন সার/ বালাইনাশক সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.১.১] নিস্পত্তিকৃত বালাইনাশক এর পাইকারী ও খুচরা ডিলারের নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারীশিট |
| | [৩.১.২] পরিদর্শণকৃত সার ও বালাইনাশক ডিলার ও খুচরা বিক্রেতা | | পরিদর্শণ প্রতিবেদন ও সামারীশিট |
| [৩.২] উদ্যান তাত্তিক ফসলের মান সম্পন্ন চারা/কলম সরবরাহ কার্যক্রম ব্যবস্থাপনা | [৩.২.১] নিস্পত্তিকৃত নার্সারী নিবন্ধন/ লাইসেন্স / নবায়ন আবেদন | | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারীশিট |
| | [৩.২.২] পরিদর্শণকৃত নার্সারী কার্যক্রম | | পরিদর্শণ প্রতিবেদন ও সামারীশিট |
| [৩.৩] কৃষি যান্ত্রিকীকরণ | [৩.৩.১] উন্নয়ন সহায়তায় সরবরাহকৃত কৃষি যন্ত্রপাতি | উপজেলা কৃষি অফিস | প্রতিবেদন ও সামারীশিট |
| [৪.১] [৪.১] ফসল আবাদে জৈব সারের সর্বোত্তম ব্যবহার জনপ্রিয়করণ | [৪.১.১] জৈব সার/ জীবানু সার/ সবুজ সার ও ভার্মি কম্পোষ্ট বিষয়ে সৃষ্ট উদ্যোক্তা | উপজেলা কৃষি অফিস | উদ্যোক্তার তালিকা ও কেস স্টাডি |
| | [৪.১.২] উৎপাদিত কম্পোষ্ট/ ভার্মি কম্পোষ্ট/ ট্রাইকো কম্পোষ্ট/ সবুজ সার | উপজেলা কৃষি অফিস | মাসিক প্রতিবেদন এবং এ সংক্রান্ত সামারীশিট |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [৪.২] [৪.২] প্রযুক্তি ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে এগ্রো প্রসেসিং ব্যাবসা উৎসাহিতকরণ এবং কর্মসংস্থান সৃষ্টি | [৪.২.১] খাদ্য পণ্য/ কৃষিজাত পণ্য/ নার্সারি ব্যবসা/ বীজ উৎপাদনে সৃষ্ট নারী প্রক্রিয়াজাতকারী/ উদ্যোক্তা | উপজেলা কৃষি অফিস | উদ্যোক্তার তালিকা ও কেস স্টাডি |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| [১.১] উদ্ভাবিতজাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | স্থাপিত প্রদর্শনী | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| [১.১] উদ্ভাবিতজাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | আয়োজিত মাঠদিবস/ কৃষক সমাবেশ | বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| [১.১] উদ্ভাবিতজাত এবং প্রযুক্তির সম্প্রসারণ | স্থাপিত প্রদর্শনী | বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট | দাপ্তরিক যোগাযোগ |
| কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি সংক্রান্ত কার্যক্রম | প্রশিক্ষিত কর্মকর্তা/ কর্মচারী | জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি | দাপ্তরিক যোগাযোগ |

# সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ